Dorset HealthCare University NHS Foundation Trust NHS

**ডরসেট হেলথ কেয়ার এন এইচ এস ফাউন্ডেশন ট্রাষ্ট**
**সাউদাম্পটন ষ্টেপস টু ওয়েলবিইং**
**কনফিডেনশিয়ালিটি এগ্রিমেন্ট**

আপনার থেরাপিষ্টকে আপনি যা বলবেন তা তিনি যথাসাধ্য গোপন রাখবেন। অবশ্যই তারা আপনার সাথে যে থেরাপিউটিক কাজ (চিকিৎসা) করবেন সে ব্যাপারে গোপনীয়তা রক্ষায় তাদের পেশাদার নীতিমালা অনুসরণে দায়বদ্ধ।

তবে, কিছু কিছু জরুরী ব্যাতিক্রম আছে যা আপনার জানা প্রয়োজন যাতে আপনি ও আপনার থেরাপিষ্টের মধ্যে কোন বিভ্রান্তি না থাকে।

এ তথ্যপত্রে গোপনীয়তার সীমা সম্পর্কে বলা হয়েছে। দয়া করে তা মনোযোগ দিয়ে পড়ুন এবং আপনার কোন প্রশ্ন থাকলে তা নিয়ে আপনার কাউন্সেলারের সাথে আলাপ করুন।

আপনার প্রতিটি সেশন নিয়ে আপনার থেরাপিষ্ট নোট লিখবেন, যা একটি গোপন ফাইলে রিপোর্ট ও চিঠি সহ রাখা হবে। নিম্নোক্ত পরিস্থিতি ছাড়া এ ফাইলের সবকিছু গোপন থাকবে এবং যেসব কর্মচারী এ ফাইল দেখবেন তারাও গোপনীওতার একই নীতিমালায় আবদ্ধ থাকবেন।

**গোপনীয়তার ব্যাপারে নিয়মিত ব্যতিক্রম**

১. যিনি আপনাকে এ সার্ভিসে পাঠিয়েছেন আপনার থেরাপিষ্ট তার অবগতির জন্য আপনার যে চিকিৎসা করা হচ্ছে ও তা কিরকম অগ্রসর হচ্ছে এটা জানিয়ে চিঠি লিখবেন। আপনাকে যদি আপনার জি.পি না পাঠিয়ে থাকেন, তবে আপনার জি.পির নাম ঠিকানা আপনার কাছ থেকে আমরা জেনে নেবো যাতে আপনাকে আমাদের কাছে চিকিৎসার জন্য সুপারিশ করে পাঠানোর ব্যাপারে তাদেরকে চিঠি লিখতে পারি। আপনার চিকিৎসা শেষ হবার পরেও আপনার জি.পিকে আমরা জানাবো।
২. আপনি ইনপেশেন্ট বা আউটপেশেন্ট যাই হোন না কেনো আপনাকে অন্য স্বাস্থ্য বিশেষজ্ঞ বা সোশ্যাল সার্ভিসের কেউ দেখতে পারেন। আপনার চিকিৎসার ব্যাপারে সংশ্লিষ্ট অন্যদেরকে জানানো স্বাভাবিক যাতে আপনার চিকিৎসার বিভিন্ন দিকের সমন্বয় ভালোভাবে করা যায়। যাদের সাথে এসব তথ্য বিনিময় করা হবে তারাও গোপনীয়তার একই নীতিমালায় আবদ্ধ থাকবেন।
৩. সকল থেরাপিস্টদেরকে তাদের কাজের ব্যাপারে সর্বোচ্চ মান নিশ্চিত করার জন্য তদারকি করা হয়। এর অর্থ হলো আপনার থেরাপিষ্ট আপনার সাথে যে কাজ করছে তা নিয়ে তাদের সুপারভাইজারের সাথে আলোচনা করবেন। তাদের সুপারভাইজাররাও গোপনীয়তার একই নীতিমালায় আবদ্ধ থাকবেন।

যদি বিশেষ কোন বিষয় থাকে যা আপনি চান না উপরে উল্লেখিত প্রথানুযায়ী কারো সাথে আলোচনা করা হোক তবে তা আপনার থেরাপিষ্টকে জানান যিনি নিম্নোক্ত ব্যাতিক্রম ছাড়া তা গোপন রাখার সবরকম প্রচেষ্টা নিবেন।

**গোপনীয়তা রক্ষার অন্যান্য জরুরী ব্যতিক্রম**
সামান্য কিছু কিছু পরিস্থিতি আছে যেখানে থেরাপিষ্টকে হয়তো গোপনীয়তা ভাঙ্গতে হবে।

১. এটা জানানো যদি বৃহত্তর জনসাধারাণের মঙ্গলের জন্য প্রয়োজন হয়। যদি রোগী এমন কোন গুরুতর অপরাধ করার ইচ্ছা প্রকাশ করেন বা যে গুরুতর অপরাধ সংঘটিত হয়েছে তার ব্যাপারে কোন তথ্য দেন এবং সে গুরুতর অপরাধ আপনার বা অন্য কারো মারাত্মক ক্ষতি সাধন করতে পারে।
২. যদি আপনার দ্বারা নিজেকে বা অন্য কাউকে আঘাত করার সম্ভাবনা থাকে। যেমন আপনি যদি সক্রিয়ভাবে আত্মহত্যা করার পরিকল্পনা বা অন্য কারো ক্ষতি সাধন করার পরিকল্পনা করে থাকেন।
৩. যদি থেরাপিষ্ট মনে করেন যে কোন শিশু বা অন্য কোন দুর্বল লোক অন্য কারো দ্বারা অবহেলা বা নির্যাতনের সম্ভাবনায় আছেন। এরকম পরিস্থিতিতে বিশেষজ্ঞদের উপদেশ গ্রহণ করা বা যথাযথ সংস্থাকে তা জানাতে থেরাপিষ্ট আইনতঃ বাধ্য।
৪. কিছু কিছু অস্বাভাবিক পরিস্থিতিতে আপনার চিকিৎসার ব্যাপারে তথ্যাদি বা নোট এর ব্যাপারে জানাতে আদালত থেকে আদেশ জারী হতে পারে। এ রকম পরিস্থিতিতে সম্ভব হলে তা জানানোর আগে আমরা আপনার অনুমতি নেবো।

বাস্তবে, এরকম পরিস্থিতি অপেক্ষাকৃতভাবে অস্বাভাবিক, কিন্তু আমরা মনে করি যে আপনার চিকিৎসা শুরু হবার আগেই গোপনীয়তার ব্যাপারে আপনার কি পরিস্থিতি সে ব্যাপারে আপনি জানেন।

গোপনীয়তার ব্যাপারে আরো পরিস্কারভাবে জানতে হলে আপনার থেরাপিষ্টকে জানান এবং তিনি আপনার সাথে বিষয়টি নিয়ে আলোচনা করবেন অথবা সাউদাম্পটন ষ্টেপস টু ওয়েলবিইংকে 02380 272 000 এ নাম্বারে জানান।
**আমি গোপনীয়তার ব্যাপারে উপরের চুক্তিটি পড়েছি ও বুঝেছি**

নাম...........................................................................................

সাক্ষর.........................................................................................

তারিখ............................................................................................

Dorset HealthCare University NHS Foundation Trust NHS

**ডরসেট হেলথ কেয়ার এন এইচ এস ফাউন্ডেশন ট্রাষ্ট**
**সাউদাম্পটন ষ্টেপস টু ওয়েলবিইং**
**চিকিৎসার চুক্তি**

আমি জানি যে নতুন কোন চিকিৎসা শুরু করায় কিছু দুশ্চিন্তা হতে পারে। তাই আপনার চিকিৎসার সময়থেকে পূর্ণ লাভবান হতে আমরা আমাদের বিভাগের নীতিমালা পরিষ্কারভাবে আপনার কাছে তুলে ধরতে চাই:

১. আমরা আশা করবো যে আপনি আপনার সকল এপয়েন্টমেন্ট রক্ষা করবেন কারণ কোন সেশন বাদ পড়লে আমরা তা পূরণ করতে পারবোনা।

২. আপনি অগ্রিম না জানিয়ে আপনার কোন এপয়েন্টমেন্ট রক্ষা করলে আপনাকে আপনার জিপির কাছে ফেরফ পাঠিয়ে দেয়া হবে।

৩. আমরা জানি যে কিছু ব্যাতিক্রমী পরিস্থিতিতে আপনাক আপনার এপয়েন্টমেন্ট বাতিল করতে হতে পারে। যাতে সময় অপচয় না হয় তাই যাতে আরেকজন রোগীকে সে সময় দেয়া নিশ্চিত করা যায়, তাই দয়া করে আপনার এডমিনষ্ট্রিটিভ টিমকে 02380 272 000 এ নাম্বারে যথাশীঘ্র জানান। মনে রাখবেন দ্বিতীয়বার বাতিল করলে আপনাকেসরাসরি আপনার জিপির কাছে ফেরত পাঠিয়ে দেয়া হবে।

৪. থেরাপী আপনি ও আপনার থেরাপিষ্টের মধ্যে একটি যৌথ কার্যক্রম। থেরাপীর অগ্রগতির সুবিধার জন্য আপনার থেরাপীর সময় সেশনগুলোর মাঝখানে আপনাকে (ডায়রী রাখা ও পড়াশুনা ইত্যাদি সহ) কিছু কাজ করতে বলা হতে পারে।

৫. আপনাকে প্রতি সেশনের শুরুতে আপনার অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য একটি ছোট প্রশ্নমালা পূরণ করতে বলা হতে পারে

৬. আমরা আপনাকে অনুরোধ করবো যে আপনি যেন আপনার আপনার থেরাপিষ্টের সাথে এপয়েন্টমেন্টের ১০ মিনিট আগেই উপস্থিত হন

৭. আপনার সাথে যেসব চিঠিপত্র আদানপ্রদান করা হবে আপনার জিপিকে তার একটা কপি পাঠানো হবে।

আপনার চিকিৎসার চুক্তিতে সাক্ষর করার আগে এ ব্যাপারে আরো পরিষ্কারভাবে জানতে হলে সাউদাম্পটন ষ্টেপস টু ওয়েলবিইংকে 02380 272 000 এ নাম্বারে যোগাযোগ করুন বা আপনার থেরাপিষ্টকে জানান এবং তিনি আপনার সাথে বিষয়টি নিয়ে আলোচনা করবেন।

**আমি গোপনীয়তার ব্যাপারে উপরের চিকিৎসার চুক্তিটি পড়েছি ও বুঝেছি**

নাম……………………………………………………………………..

সাক্ষর…………………………………………………………………

তারিখ……………………………………………………………………